

সমকাল

তারিখঃ ০৩-১০-২০ (পৃঃ ১৫, ১৩)



ধান বিজ্ঞানী তমাল লতা আর নেই

■ সমকাল প্রতিবেদক

বাংলাদেশে ধান গবেষণা ইনস্টিটিউটের (ব্রি) পরিচালক বিজ্ঞানী ড. তমাল লতা আদিত্যা (৫৩) আর নেই। হৃদরোগে আক্রান্ত হয়ে গত বুধবার রাতে তিনি মারা গেছেন। তিনি ১০ ধরনের ধানের জাত উদ্ভাবনে সরাসরি জড়িত ছিলেন। এ ছাড়া আরও পাঁচ ধরনের জাত উদ্ভাবনে তার অবদান ছিল। উদ্ভাবন ও ধান উন্নয়নে বিশেষ অবদানের জন্য তিনি ধানকন্যা হিসেবে বহুল সমাদৃত ছিলেন। তিনি দুই ছেলে, চিকিৎসক স্বামীসহ অসংখ্য গুণগ্রাহী রেখে গেছেন।

ধান বিজ্ঞানী তমাল লতার মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেছেন কৃষিমন্ত্রী ড. মো. আব্দুর রাজ্জাক ও কৃষি সচিব মো. নাসিরুজ্জামান। শোকবার্তায় তারা উল্লেখ করেন, এ দেশের উপযোগী অনেকগুলো উন্নত জাতের ধানের উদ্ভাবন ও জনপ্রিয়করণে তার অসাধারণ অবদান রয়েছে।

ড. তমাল লতা আদিত্যা ধান প্রজননবিদ হিসেবে অনেক ধানের জাত উদ্ভাবন, উন্নয়ন ও সম্প্রসারণে কাজ করেছেন। ধান গবেষণায় অবদানের ■ পৃষ্ঠা ১৩ : কলাম ৩

ধান বিজ্ঞানী

[১৫ পৃষ্ঠার পর]

জন্ম ২০১৪ সালে ব্রিগ সেরা বিজ্ঞানীর পুরস্কারসহ অত্যন্ত পাঁচটি পুরস্কার পান তিনি। তার নেতৃত্বে ব্রিগ উদ্ভিদ প্রজনন বিভাগ ২০১৭ সালে বঙ্গবন্ধু জাতীয় কৃষি পুরস্কার অর্জন করে।

তারিখঃ ০৩-১০-২০ (পৃঃ ০২)

শোক সংবাদ

তমাল লতা আদিত্য

বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটের পরিচালক (গবেষণা) ও প্রখ্যাত ধানবিজ্ঞানী ড. তমাল লতা আদিত্য বৃধবার রাতে হৃদরোগে আক্রান্ত হয়ে মৃত্যুবরণ করেন। তার মৃত্যুতে ব্রি পরিবারের পক্ষ থেকে আত্মার চির শান্তি কামনা এবং শোকসন্তপ্ত পরিবারের প্রতি গভীর শোক ও সমবেদনা জানিয়েছেন ব্রি মহাপরিচালক মো. শাহজহান কবীর ও তার সহকর্মীরা। ব্যক্তিগত জীবনে তিনি দুই পুত্র, চিকিৎসক স্বামীসহ অসংখ্য গৃহস্থাসী রেখে গেছেন। ধান গবেষণার মাধ্যমে দেশের খাদ্য নিরাপত্তা অর্জনে তার অসামান্য অবদান জাতি শ্রদ্ধাভরে স্মরণ রাখবে। গাজীপুর প্রতিনিধি

তারিখঃ ০২-১০-২০ (পৃঃ ১০)

ধান বিজ্ঞানী ড. তমাল লতা আদিত্য আর নেই

গাজীপুর প্রতিনিধি

বাংলাদেশ ধান গবেষণা ইন্সটিটিউটের
পরিচালক (গবেষণা) ও প্রখ্যাত ধান



বিজ্ঞানী ড. তমাল
লতা আদিত্য
(৫৩) বুধবার রাতে
হৃদরোগে আক্রান্ত
হয়ে পরলোকগমন
করেছেন। তিনি দুই

ছেলে, চিকিৎসক স্বামী রেখে গেছেন।
তার স্বামী ডাক্তার তপন কান্তি সরকার
শহীদ তাজউদ্দীন আহমদ মেডিকেল
কলেজ হাসপাতালের উপ-পরিচালক।
ড. তমাল লতা আদিত্যের নেতৃত্বে ব্রি
উদ্ভিদ প্রজনন বিভাগ ২০১৭ সালে
বঙ্গবন্ধু জাতীয় কৃষি পুরস্কার অর্জন
করে। ড. আদিত্য আন্তর্জাতিক নারী
দিবসে জয়া আলোকিত নারী ২০২০
সম্মাননায় ভূষিত হন। দেশ-বিদেশের
বিভিন্ন গবেষণা জার্নালে তার ৩০টির
বেশি প্রবন্ধ প্রকাশিত হয়েছে। তার
অকাল মৃত্যুতে ব্রি'তে শোকের ছায়া
নেমে আসে।

Date: 02-10-20 (Page: 03)

Renowned rice scientist Dr Tamal dies

STAFF CORRESPONDENT

Bangladesh Rice Research Institute (BRRI) Director (research) Dr Tamal Lata Aditya, who invented 15 varieties of rice, died of cardiac arrest in the capital on Wednesday night. She was 52.

She left behind two sons, husband and a host of relatives and well-wishers to mourn her death.

Dr Md Shahjahan Kabir, Director General of the BRRI, expressed his deep shock and sorrow at the death of Dr Tamal Lata Aditya.

The BRRI family also expressed deep shock at the death and sent heartfelt condolences to her family.

The world of rice research has lost a great scientist and she will always be remembered for her contribution to and leadership role in rice science.

Tamal Lata Aditya secured PBGSB Young Scientist Award 2013-14, Professional Excellence Award 2014, Rotary Club, Dhaka, Best Scientist BRRI Award 2014, STRASA Award 2018 and International Senadhira Rice Research Award 2018.

তারিখ: ০২/১০/২০২০ (পৃ: ০৫)

প্রখ্যাত ধান বিজ্ঞানী ড. তমাল লতা আদিত্য আর নেই

■ গাজীপুর প্রতিনিধি

বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটের পরিচালক (গবেষণা) প্রখ্যাত ধান বিজ্ঞানী ড. তমাল লতা আদিত্য (৫৩) বুধবার রাতে হৃদরোগে আক্রান্ত হয়ে পরলোকগমন করেন। তিনি দুই পুত্র, চিকিৎসক স্বামী রেখে গেছেন। তার স্বামী ডাক্তার তপন কান্তি সরকার শহীদ তাজউদ্দীন আহমদ মেডিক্যাল কলেজ হাসপাতালের উপপরিচালক। ড. তমাল লতা আদিত্যের নেতৃত্বে ব্রিগ উজ্জিদ প্রজনন বিভাগ ২০১৭ সালে বঙ্গবন্ধু জাতীয় কৃষি পুরস্কার অর্জন করে। ড. আদিত্য আন্তর্জাতিক নারী দিবসে জয়া আলোকিত নারী ২০২০ সম্মাননায় ভূষিত হন। দেশ-বিদেশের বিভিন্ন গবেষণা জার্নালে তার ৩০টির বেশি প্রবন্ধ প্রকাশিত হয়েছে।

তারিখঃ ০২/১০/২০২০ (পৃঃ ০২)

শোক সংবাদ

ড. তমাল লতা আদিত্য



বাংলাদেশ ধান গবেষণা
ইনস্টিটিউটের (বি) সাবেক
পরিচালক (গবেষণা) ড.
তমাল লতা আদিত্য (৫৩)
বুধবার রাতে হৃদরোগে
আক্রান্ত হয়ে পরলোকগমন
করেছেন। তিনি স্বামী ও দুই
পুত্র রেখে গেছেন। ড. তমাল লতা আদিত্য
২০১৭ সালের ২ অক্টোবর ব্রিঃ পরিচালক
(গবেষণা) পদে দায়িত্ব গ্রহণ করেন।